

উদ্ভাবকের নামঃ নূরে সফুরা ফেরদৌস, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজবাড়ী।

উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ দৌলতদিয়া যৌনপল্লীর কিশোর কিশোরী ও নারীদের সচেতনতা তৈরী ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মে সুযোগ সৃষ্টি করা।

● উদ্যোগের সমস্যা ও সমাধান প্রক্রিয়াঃ

- ✓ যৌনকর্মে নিযুক্ত যৌনকর্মীরা সমাজ হতে বিচ্যুত। তারা স্বাস্থ্য সেবা, সুস্থ সামাজিক জীবন হতে বিচ্যুত। এক কারণে তাদেরকে স্বাভাবিক জীবনে ফিরে এনে আয়বর্ধক মূলক কর্মে সম্পৃক্ত করার জন্যই এই আইডিয়া নেয়া হয়েছে। শিশু এবং কিশোর, কিশোরী যারা যৌনপল্লীতে বর্তমান অবস্থান করছে তারা সবচেয়ে বুকিপূর্ণ। বর্তমান পরিস্থিতিতে মাদকের আসক্তি, অসামাজিক ক্রিয়াকলাপে এ সকল শিশু কিশোর জড়িত হয়ে পড়েছে। এ কারণে সচেতনতা মূলক প্রশিক্ষণ, আত্ম নির্ভরশীল অধ্যায় আয়বর্ধক মূলক কর্মে সম্পৃক্ত করে তাদেরকে পূর্ববাসনের ব্যবস্থা করা জরুরী প্রয়োজন।
- ✓ মোট যৌনকর্মীর সংখ্যা নির্ধারণ শিশু কিশোর বয়স অনুযায়ী ডাটা তৈরী করা হয়েছে তাদেরকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ এর ব্যবস্থা নেয়া হচ্ছে।
- ✓ যৌনকর্মীদের মধ্যে আত্মবিশ্বাস ও মনোবল বৃদ্ধি করার জন্য সচেতনতা মূলক প্রশিক্ষণের ব্যবস্থা কাউন্সিলিং সহ উদ্ভুদ্ধ করণের কাজ চলছে।
- ✓ বিভিন্ন দপ্তর যেমন স্বাস্থ্য, শিক্ষা, সমাজ সেবা অধিদপ্তর এর সাথে লিঙ্ক তৈরি করে একযোগে কাজ চলছে।
- ✓ যে সমস্ত যৌনকর্মী সুস্থ সামাজিক জীবনে ফিরে আসতে চান তাদেরকে সেভ হোমের ব্যবস্থায় এনে প্রশিক্ষণ/ঋণ প্রদান করতে হবে।
- ✓ প্রশাসন, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে সভা সহ উদ্ভুদ্ধকরণ করতে হবে।

● প্রসেস ম্যাপঃ

- ✓ দৌলতদিয়া ইউনিয়নের যৌনপল্লীর মোট জনগোষ্ঠীর তালিকা তৈরি করা হয়েছে।
- ✓ শিশু কিশোর কিশোরীদের সংখ্যা ডাটা ইতিমধ্যে করা হয়েছে।
- ✓ তাদেরকে নিয়ে সচেতনতা মূলক সভা করা হয়েছে।
- ✓ প্রশিক্ষণের আগ্রহীদের প্রশিক্ষণ ব্যবস্থা করা হয়েছে।
- ✓ বুকিপূর্ণকিশোর কিশোরীদের ডে-কেয়ার এর ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।
- ✓ প্রশিক্ষণ প্রাপ্তদের অন্যান্য দপ্তরে লিংক স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

● উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী?

- ✓ সচেতনতা তৈরী।
- ✓ বুকিপূর্ণ শিশু পূর্ববাসনের ব্যবস্থা করা।
- ✓ যৌনকর্মীদের প্রশিক্ষণ/ উদ্ভুদ্ধ করণের মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা।

● আপনার পাইলটিং উদ্যোগের বর্তমান বাস্তবায়ন অগ্রগতি ৭০%।

- ✓ প্রতি মাসে দুইবার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে প্রশিক্ষণ সহ আলোচনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ ব্যাপারে গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসার এর সাথে প্রাথমিক আলোচনা করা হয়েছে। এদের মধ্যে মেয়েশিশুরা যারা পড়াশুনায় আগ্রহী তাদের মায়েরা যৌনপল্লী হতে আলাদা বাসা ভাড়া রেখেছে। কিছু কিছু যৌনকর্মীর শিশুরা স্বাভাবিক জীবনে ফিরে যাওয়ার জন্য পড়াশুনা করছে। মূলত যৌনকর্মীরা নিদিষ্ট আয়ের মধ্য থেকে তাদের সন্তানদের সুস্থ স্বাভাবিক জীবন আশাকরে। সে কারণে তারা চায় যেকোন লাভজনক ব্যবসা বা কাজের সাথে যুক্ত হতে। যেখানে সমাজ তাদেরকে সম্মানের সাথে গ্রহণ করবে।

● উদ্যোগের মাধ্যমে উল্লেখযোগ্য কি কি ফলাফল বা দৃষ্টান্তঃ

- ✓ বাল্য বিবাহের হার হ্রাস পেয়েছে।
- ✓ কিশোর- কিশোরীরা নিজেরা চাইল্ডকরাব স্থাপন করেছে।
- ✓ ১৫ জন যৌন কর্মী সেলাই প্রশিক্ষণ নিয়ে নিজেরাই স্বাবলম্বী হয়েছে।

● পাইলট বাস্তবায়নে বর্তমানে কোন চ্যালেঞ্জ বা উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা আছে কিনা?

- ✓ কিশোর কিশোরীদের বাসস্থানের অপ্রতুলতা
- ✓ শিক্ষা ও স্বাস্থ্য উপকরণের অভাব
- ✓ দালাল শ্রেণীর দৌরাত্ম
- ✓ মাদকের সহজ লভ্যতা
- ✓ সামাজিক কাজে অগ্রহণযোগ্যতা

● সেবাদানকারী/ভুক্তভোগী/সুবিধাভোগী কারা?

- ✓ যৌনকর্মীগন ও তাদের শিশু ও কিশোর সন্তানেরা।

সুবিধাভোগীর ধরণ	পাইলটিং এলাকা	সুবিধাভোগীর সংখ্যা				
		বছর (২০১৮)	বছর (২০১৯)	বছর (২০২০)	বছর (২০২১)	বছর (২০২২)
যৌনকর্মীগন ও তাদের শিশু ও কিশোর সন্তানেরা	গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া	২৫	৩৫ (সম্ভাব্য)	৪৫ (সম্ভাব্য)	৫৫ (সম্ভাব্য)	৬৫ (সম্ভাব্য)

- ✓ এই উদ্যোগ শেষ হলে পুনরায় কোন উদ্যোগ নিবেন কিনা? একাধিক আইডিয়া বাস্তবায়ন করার ক্ষেত্রে আপনি আগ্রহী কিনা?

- ✓ উদ্ভাবক হিসেবে কোন ধরনের স্বীকৃতি বা ইনসেনটিভ প্রাপ্ত হয়েছেন কিনা?


- ✓ না কোন ধরনের স্বীকৃতি বা ইনসেনটিভ প্রাপ্ত হই নাই।

- ✓ আপনার উদ্যোগটির স্কেলআপ (সারাদেশ)/রেপ্লিকেশনের (আঞ্চলিক পর্যায়ে) সম্ভাবনা দেখেন কিনা? যদি হ্যাঁ হয়, তাহলে সেটা কিভাবে হতে পারে? অধিদপ্তর/মন্ত্রণালয় এখানে কিভাবে ভূমিকা রাখতে পারে।

- ✓ হ্যাঁ প্রয়োজন।

- ✓ কিশোর-কিশোরীদের জন্য সেভ হোম তৈরীর জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রয়োজন।

- ✓ ০ থেকে ৫ বছর বয়সের শিশুদের জন্য ডে-কেয়ার হোমের প্রয়োজন।



(নূরে সফুরা ফেরদৌস)
জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
রাজবাড়ী।